জেন্ডার টিপ শিট – জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ (Communication with community-CWC)

কার্যকর কর্মসূচি চালানোর জন্যে এবং সুবিধাভোগীদের প্রয়োজনমত সাড়া দিতে হলে একেকটি সেক্টরের মধ্যে এবং সেক্টরগুলোর পরস্পরের মধ্যে সমন্বয় জরুরি। বিপন্ন মানবাতার সেবায় নিয়োজিত কর্মকাণ্ডে জেন্ডারকে অন্তর্ভুক্ত করার প্রশ্নে যৌথ পরিকল্পনা - *লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-বিভাজিত উপাত্ত (SADDD)* সংগ্রহ, বিশ্লেষণ ও এর উপর প্রতিবেদন তৈরি; জাতিসংঘের অঙ্গ সংস্থা, আন্তর্জাতিক সংস্থা, এনজিও ও স্থানীয় নাগরিক সমাজের মধ্যে তথ্য বিনিময় ও সহযোগিতা; ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সব পক্ষের অর্থবহ ও সমান অংশগ্রহণকে উৎসাহিত করা; এবং মূল্যায়ন, সহায়তা সরবরাহ ও পরিষেবা সরবরাহকারী দলগুলোতে জেন্ডার ভারসাম্য নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ কর্মসূচির প্রতিটি কর্মক্ষেত্র নিয়ে তৈরি এই টিপ শিটটি সম্ভাব্য মূল সুপারিশসমূহের সংক্ষিপ্তসার। জেন্ডার-সংবেদনশীল কর্মসূচি কীভাবে বাস্তবায়ন করা যায়, তার ব্যবহারিক নির্দেশিকা হিসেবে এটিকে ব্যবহার করা যেতে পারে।

জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ (CWC)	
নিডস এসেসমেন্ট ও বিশ্লেষণ	➢ **লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD)** সংগ্রহ ও বিশ্লেষণ করুন। উদ্দিষ্ট জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের চাহিদা, সক্ষমতা, প্রতিবন্ধকতা বোঝার চেষ্টা করুন। একইসাথে এখন পর্যন্ত দেয়া সহায়তা কতোটুকু কার্যকর হয়েছে, তা বোঝার জন্য একটি অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করুন। জেন্ডার অ্যানালাইসিস পরিচালনা করার ক্ষেত্রে নিচের বিষয়গুলো বিবেচনা করুন: ↳ তথ্যবিধান: যেমন - সাংস্কৃতিকভাবে উপযুক্ত যোগাযোগের মাধ্যম *রয়েছে কিনা*, সহজে অংশগ্রহণযোগ্য যোগাযোগের মাধ্যম আছে কিনা যাচাই করুন। পাশাপাশি ভাষা ও শিক্ষা অনুযায়ী সরবরাহকৃত তথ্য উপযুক্ত কি না তা যাচাই করুন।

	↳ অংশগ্রহণ: যেমন - পরিবারে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কার কতটুকু, নারী ও মেয়েদের ঘরের বাইরে যাতায়াতের সুযোগ কেমন ইত্যাদি বিষয় জানুন। নারী-পুরুষ নির্বিশেষে সবার তথ্য লাভের সুযোগ রয়েছে কিনা যাচাই করুন। দুর্বল জনগোষ্ঠীর প্রযুক্তি ব্যবহারের সুযোগ ও ব্যবহার নিশ্চিত করুন। ↳ ফিডব্যাক পদ্ধতি: যেমন - সবাই অংশ নেয়ার সুযোগ পাচ্ছে কিনা এবং এতে তারা কতোটুকু সন্তুষ্ট তা যাচাই করুন। ↳ অধিকার ও সুবিধাপ্রাপ্তি: যেমন - ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর প্রতি (AAP) দায়িত্ব সম্পর্কে সবার জ্ঞান কেমন, পিএসইএ (PSEA) বিষয়ে অভিযোগ জানানোর উপায় জানা আছে কিনা, বিভিন্ন সেক্টরে তাদের জন্য বরাদ্দ সুবিধার ব্যাপারে সবাই জানে কিনা - এ ব্যাপারে তথ্য সংগ্রহ করুন। ↳ ইন্টারসেকশনাল বিষয়সমূহ: যেমন - শিশুর উপার্জনের ওপর নির্ভরশীল পরিবার, হিজড়া, সমকামী ও প্রতিবন্ধী ব্যক্তিদের প্রয়োজনীয় তথ্য লাভের সুযোগ আছে কি না তা যাচাই করুন। ↳ জনগোষ্ঠীর সঙ্গে যোগাযোগ (CWC) কর্মী ও পরিকল্পনা: যেমন- *উদ্দিষ্ট জনগোষ্ঠী* প্রশিক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন কিনা তা বোঝার চেষ্টা করুন*।* *তাদের* জেন্ডার ও এলজিবিটিআই, *জিবিভি* ও *সুরক্ষা* সম্পর্কিত জ্ঞান কতটুকু তা যাচাই করুন। সিডাব্লিউসি (CWC) কর্মীদের জন্য পিএসইএ (PSEA) সম্পর্কিত আচরণবিধি প্রণয়ন করুন। নারীকর্মীদের জন্য প্রশিক্ষণ ও সহায়তার ব্যবস্থা করুন। সিডাব্লিউসি (CWC) নীতি প্রণয়নে জেন্ডার সংবেদনশীলতার বিষয়টি বিবেচনা করা হয়েছে কি না তা যাচাই করুন।

	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) বিশ্লেষণ করে অংশগ্রহণমূলক জেন্ডার অ্যানালাইসিস নিশ্চিত করুন। যেমন- লিঙ্গ-পৃথকীকৃত ফোকাস গ্রুপ ডিসকাশনের আয়োজন করুন। সবার অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আলোচনার জন্য উপযুক্ত সময়, স্থান ও অন্যান্য সুবিধা নিশ্চিত করুন। ➢ *সিডাব্লিউসি (CWC) সেক্টর সরাসরি কোনো তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করে না। এগুলোর বেশিরভাগই করে সেক্টরের অংশীদার সংস্থাগুলো। কাজেই, জেন্ডার অন্তর্ভুক্তির উপর এই সেক্টরের সরাসরি কোনো নিয়ন্ত্রণ নেই/ তবে এর পক্ষে সুপারিশ করতে পারে।
কৌশলগত পরিকল্পনা	➢ লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা ভিত্তিক তথ্য (SADDD) ব্যবহার করে পরিকল্পনার নথিপত্র ও পরিস্থিতির মূল্যায়ন সংক্রান্ত প্রতিবেদনগুলোতে জেন্ডার অ্যানালাইসিস প্রতিফলিত করুন। ➢ এই কর্মসূচি পরিকল্পনা করার জন্য দূর্বল জনগোষ্ঠীসহ সবার সাথে পরামর্শ করুন, যেন গৃহীত কর্মসূচিগুলো তাদের চাহিদা পূরণ করতে পারে। যেমন - চাহিদার বিশ্লেষণ, ফিডব্যাক ও এফজিডি পদ্ধতি ব্যবহার করুন। ➢ সিডাব্লিউসি (CWC) সেক্টরে সমান অধিকার নিশ্চিত করুন, যা জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে সবার চাহিদা মেটানোর পাশাপাশি সামাজিক-সাংস্কৃতিক ক্ষেত্রও বিবেচনা করবে। ↳ তথ্যবিধান। যেমন - দূর্বল জনগোষ্ঠীসহ সকলের সমানভাবে তথ্য পাওয়ার সুযোগ রয়েছে কিনা দেখুন। সবার সাথে পরামর্শ ও সংলাপের সুযোগ তৈরী করুন।

	↳ অংশগ্রহণ। যেমন- পরামর্শ/সংলাপের জন্য উপযুক্ত সময় নির্ধারণ করুন। সবার জন্য সাংস্কৃতিকভাবে উপযুক্ত ও অন্তর্ভুক্তিমূলক পরামর্শ পদ্ধতি নির্ধারণ করুন। শিশুযত্ন কেন্দ্র সহ যাবতীয় সুবিধা দেয়ার মাধ্যমে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করুন। এই সেক্টরে নারীর অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে কমিউনিটির সদস্যদের মধ্যে সচেতনতা সৃষ্টি করুন। ↳ ফিডব্যাক ও অভিযোগ জানানোর প্রক্রিয়া। যেমন - কোনো ধরনের অসুবিধা ছাড়াই সবাই যেন অভিযোগ দায়ের করতে পারে, তা নিশ্চিত করুন। যৌন হয়রানি ও নির্যাতনমূলক ঘটনাগুলোর ফলোআপসহ যথাযথ ও সমন্বিত রেফারেল ও প্রতিবেদন তৈরির পদ্ধতি নির্ধারণ করুন। সাধারণ ফিডব্যাক থেকে দেখুন যে সবাই এসব সুবিধা ব্যবহার করছে কিনা। ↳ অধিকার ও সুবিধাসমূহ। যেমন - সবাইকে তাদের অধিকার ও সুবিধাসমূহ সম্পর্কে সচেতন করুন। পিএসইএ সংক্রান্ত অভিযোগ জানানোর পদ্ধতি সম্পর্কে সবাইকে অবহিত করুন। মানবিক সহায়তা কর্মীদের কাছ থেকে প্রত্যাশিত আচরণবিধি সম্পর্কে তাদেরকে ধারণা দিন। ↳ জেন্ডার ভারসাম্যপূর্ণ CWC কর্মী/ স্বেচ্ছাসেবী/ কমিটি। যেমন - CWC সংক্রান্ত কাজের জন্য নারীকর্মী নিয়োগ করুন। তাদেরকে প্রশিক্ষণ দিন এবং স্বাভাবিকভাবে কাজ করার মতো পরিবেশ সৃষ্টি করুন। নারীদের চাহিদা বুঝতে যেসব পরিস্থিতিতে পুরুষ কর্মীদের উপস্থিতি আকাঙ্খিত না, তার জন্য নারী কর্মীদের প্রশিক্ষণ দিন এবং তাদেরকে এই কাজে বহাল রাখুন। কমিউনিটি ক্যাম্প কমিটিতে নারী ও পুরুষ উভয়কেই সম্পৃক্ত করুন। ➢ এই সেক্টরে নারী, পুরুষ, ছেলে ও মেয়েদের অংশগ্রহণের

	বাধাগুলো দূর করতে আশ্রয়ন ব্যবস্থাপনা, শিশু সুরক্ষা, জিবিভি, পিএসইএ সহ অন্যান্য সেক্টরের সাথে যৌথভাবে কাজ করুন। ↳ কমিউনিটি সচেতনতা ও সামাজিক আচরণবিধির পরিবর্তন। যেমন - নারীর অংশগ্রহণ নিয়ে বার্তা প্রণয়ন করে সমাজে সচেতনতা বৃদ্ধি করুন। পরিবারের কাজে ছেলেদের অংশ নেয়ার বিষয়ে বার্তা প্রণয়ন করে সমাজে সচেতনতা তৈরি করুন। তথ্য ও সম্পদের উপর সমান অধিকার প্রতিষ্ঠায় সচেতনতা বৃদ্ধি করুন। ➢ সবার আচরণগত পরিবর্তন পরিমাপের জন্য সূচক তৈরি করুন। ↳ লিঙ্গ ও বয়সভিত্তিক সূচক তৈরি করুন, যেন বিভিন্ন জনগোষ্ঠীর মধ্যে পার্থক্যগুলো বোঝা যায় এবং সেগুলো নিয়ে কাজ করা যায়। ➢ পরিকল্পিত কার্যক্রম মূল্যায়নে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
সম্পদের ব্যবহার	➢ এসএডিডিডি (SADDD) থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করে সবার বিশেষ চাহিদা সম্পর্কিত তথ্য সিডাব্লিউসি সেক্টরের মাধ্যমে অন্যান্য সেক্টরের কাছে পৌঁছে দিন, যেন এই চাহিদাগুলো অগ্রাধিকারের ভিত্তিতে বাস্তবায়িত হয়। ↳ জেন্ডার হাব, লিঙ্গ ও বয়স পৃথকীকরণ তথ্য (এসএডিডি), জেন্ডার দৃষ্টিকোণ থেকে তথ্য ও মূল বার্তা প্রস্তুত কিংবা পর্যালোচনায় সহায়তা দিতে পারে। ➢ CWC সেক্টরে জেন্ডার সংক্রান্ত তহবিলের স্বল্পতা নিয়ে

	নিয়মিত প্রতিবেদন তৈরি করুন। এই প্রতিবেদনের ভিত্তিতে দাতা সংস্থার সাথে জেন্ডার তহবিল বরাদ্দের জন্য দেন-দরবার করুন। ➢ জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নের ক্ষেত্রে এই সেক্টরের অবদান তুলে ধরতে গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।
প্রকল্প বাস্তবায়ন ও পর্যবেক্ষণ	➢ সিডাব্লিউসি সংক্রান্ত প্রকল্প ও কার্যক্রম সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ, বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী ও পুরুষের সমান ও অর্থবহ অংশগ্রহণ নিশ্চিত করুন। ↳ প্রকল্প বাস্তবায়নে ও পর্যবেক্ষণে আরও জেন্ডার ভারসাম্য নিশ্চিত করুন। যেমন - কর্মসূচি বাস্তবায়ন ও পর্যবেক্ষণে নারী অধিকার, যুবসমাজ ও এলজিবিটিকিউআই নেটওয়ার্কের মতো সংগঠনগুলোকে জড়িত করুন। শিশুযত্ন সেবা সরবরাহ করে নারী ও অল্প বয়সী মায়েদের সমান অংশগ্রহণ নিশ্চিত করুন। নারী কর্মী নিযুক্ত করুন। *তাদেরকে* প্রশিক্ষণ *দিন* এবং *স্বাভাবিকভাবে* কাজ করার মতো উপযুক্ত পরিবেশ তৈরী করুন। ↳ কর্মী ও স্বেচ্ছাসেবীদের, বিশেষ করে নারীদের নিরাপত্তা নিশ্চিত করুন। যেমন - হুমকি, উত্যক্ত করা এবং যৌন হয়রানির ব্যাপারে অভিযোগ জানানোর ব্যবস্থা গ্রহণ করুন। ↳ সবাই যেন তাদের জন্য নির্ধারিত সেবাগুলো এবং সেগুলো পাওয়ার উপায় সম্পর্কে জানে, সে ব্যাপারটি নিশ্চিত করুন। যেমন - সব ক্যাম্পে সিডাব্লিউসি ইনফোহাবে আশ্রয়ন ও এনএফআই সহায়তা সেবা সম্পর্কে তথ্য সরবরাহ করুন। ↳ শিশু-কিশোরবান্ধব, জেন্ডার-সংবেদনশীল, অন্তর্ভুক্তি ও গোপনীয়তা নিশ্চিত করে, এমন ধরনের অভিযোগ পদ্ধতি চালু করুন। যেমন - অভিযোগ বাক্স ও হটলাইন সেবা চালু করুন। বয়স ও লিঙ্গভিত্তিক এফজিডি (FGD) করুন।

	➢ প্রকল্পের কার্যক্রমের ফলে কারো মধ্যে কোনো ধরনের নেতিবাচক পরিবর্তন নিয়মিত পর্যবেক্ষণ করুন। ➢ সবাই এই সেক্টর থেকে যথাযথ সেবা পাচ্ছে কিনা, তা পর্যবেক্ষণ করুন। ➢ যৌথ সাড়াদান পরিকল্পনার (JRP) জেন্ডার-নির্দিষ্ট সূচকে অবদান রাখুন। ➢ জেন্ডার সমতা কার্যক্রম পর্যালোচনা ও উন্নত করতে গ্যাম (GAM) অনলাইন টুল প্রয়োগ করুন।
অপারেশনাল পিয়ার রিভিউ এবং মূল্যায়ন	➢ সিডাব্লিউসি সেক্টরে সবার সুনির্দিষ্ট প্রয়োজন, সক্ষমতা ও আকাঙ্খাসমূহ সম্পর্কিত তথ্য, লিঙ্গ ও বয়স পৃথকীকৃত তথ্য ও বার্তাসমূহ অন্যদেরকেও জানান। ↳ এ সংক্রান্ত তথ্য, প্রতিবেদন ও অন্যান্য উপকরণ পর্যালোচনা ও প্রচারে সহায়তা করতে পারে জেন্ডার হাব। ↳ সুবিধাভোগীদের কাছেও তথ্য পৌঁছে দিন। ➢ সিডাব্লিউসি সেক্টরে জেন্ডার-সংবেদনশীলতা চর্চার ফলে শেখা বিষয়গুলো অন্যদেরকে জানান। ➢ সিডাব্লিউসি সেক্টরের প্রকল্পগুলো উদ্দিষ্ট জনগোষ্ঠীর সবার কাছে পৌঁছেছে কিনা ও এক্ষেত্রে সম্ভাব্য ফাঁকগুলো চিহ্নিত করা হয়েছে কিনা, তা পর্যালোচনা করুন। ➢ জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়নে এই সেক্টরের অবদান পর্যালোচনায় গ্যাম (GAM) অনলাইন টুল ব্যবহার করুন।

আরও তথ্যের জন্য দেখুন:

- জেন্ডার প্রোফাইল ১ (1) (ডিসেম্বর ২০১৭) ও ২ (2) (মার্চ ২০১৯)
- জেন্ডার ব্রিফস ১ (1) (মার্চ ২০১৮), ২ (2) (মার্চ ২০১৮), ৩ (3) (এপ্রিল ২০১৮), ৪ (4) (জুন ২০১৮) ও ৫ (5) (জুলাই ২০১৮)
- জেন্ডার মেইনস্ট্রিমিঙের রিভিউ (Review)

- জেন্ডার-সংশ্লিষ্ট টার্মের সংজ্ঞা (Definition)

যোগাযোগ:
সিডাব্লিউসি সেক্টরের জন্য জেন্ডার ফোকাল পয়েন্ট- তাহমিনা পারভীন (parvin@unhcr.org)
জেন্ডার হাব – Tahmina Rahman (tahmina.rahman@unwomen.org)

সংক্ষিপ্তসার তালিকা (ACRONYMS)			
এফজিডি (FGD)	ফোকাস গ্রুপ ডিসকাশন	জেআরপি (JRP)	যৌথ সাড়াদান পরিকল্পনা
জিএএম/ গ্যাম (GAM)	জেন্ডার উইথ এজ মার্কার	এলজিবিটিকিউআই (LGBTQI)	হিজড়া, সমকামী, উভকামী ও অন্যান্য (লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ার ও ইন্টারসেক্স)
জিবিভি (GBV)	জেন্ডার ভিত্তিক সহিংসতা	পিএসইএ (PSEA)	যৌন শোষণ ও নির্যাতন প্রতিরোধ
জিআইএইচএ/ গিহা (GiHA)	জেন্ডার ইন হিউম্যানিটেরিয়ান এ্যাকশন	এসএডিডিডি (SADDD)	লিঙ্গ, বয়স ও প্রতিবন্ধিতা-বিভাজিত উপাত্ত
জিইইডব্লিউজি (GEEWG)	জেন্ডার সমতা এবং নারী ও মেয়েদের ক্ষমতায়ন	এসআরএইচআর (SRHR)	যৌন ও প্রজনন স্বাস্থ্যের অধিকার